# পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** রফিক, করিম ও মনির বাল্য বন্ধু। লেখাপড়া শেষ করে রফিক সেনা কর্মকর্তা ও করিম চাকরি করে প্রশাসনে। কিন্তু মনির লেখাপড়া না করায় সে এখন শ্রমজীবী।

ক. বাংলাদেশের কোথায় মাতৃতান্ত্রিক পরিবার রয়েছে? ১

খ. পৌরনীতি ও নাগরিকতাকে নাগরিক বিষয়ক বিজ্ঞান বলা হয় কেন? ২

গ. পৌরনীতিতে প্রাচীন ধারণা অনুসারে উদ্দীপকের বন্ধুদের মর্যাদা নিরূপণ কর। ৩

ঘ. 'আধুনিক ধারণা অনুসারে মনিরও দেশের নাগরিক'— কথাটি বিশ্লেষণ কর। ৪

**২.▶** মিহির একটি কারখানায় চাকরি করত। মুক্তিযুদ্ধের সময় তার কারখানার অনেকেই যুদ্ধে যোগদান করে। তাদের দেখাদেখি একদিন সে বাড়ি থেকে পালিয়ে একটি বাহিনীর অধীনে প্রশিক্ষণ নিয়ে মুক্তিযুদ্ধে যায়। যুদ্ধের সময় গুলির আঘাতে তার একটি পা হারায়।

ক. ছয় দফা কর্মসূচি কে উত্থাপন করেন? ১

খ. গেরিলা যুদ্ধ কী? ব্যাখ্যা কর। ২

গ. মিহির মুক্তিযুদ্ধে কোন বাহিনীর সদস্য ছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিহির ও সহযোদ্ধারা এ দেশের শ্রেষ্ঠ সন্তান— মূল্যায়ন কর। ৪

**৩.▶** বাবুল ও শাহনুরের দুই খণ্ড জমি পাশাপাশি। বাবুল সাহেব জমিতে গিয়ে দেখে শাহনুর কিছু জমি বেশি চাষ করে। এ ব্যাপারে বাবুল সাহেব শাহনুর সাহেবকে বুঝিয়ে বলাতে তিনি কর্ণপাত করেন না। কোনো উপায় না পেয়ে বাবুল সাহেব রাষ্ট্রীয় আইনের আশ্রয় গ্রহণ করেন। আদালতের নির্দেশ তিনি মেনে নেন।

ক. সুনাগরিকের কয়টি গুণ আছে? ১

খ. নাগরিকতা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের বাবুল সাহেব একজন সুনাগরিক প্রমাণ কর। ৩

ঘ. উদ্দীপকের বাবুল সাহেব কী ধরনের অধিকার ভোগ করেছে? মতামত দাও। ৪

**৪.▶** স্বামীর মৃত্যুর পর জাবেদা খাতুন তার সন্তানদের স্নেহ-মমতা ও ভালোবাসা দিয়ে লালন-পালন করেন। তাদের সুশিক্ষিত করে গড়ে তোলেন। তাদের ধর্মীয় ও নৈতিক শিক্ষা দিয়ে সমাজ ও রাষ্ট্রের আদর্শ সদস্য হিসেবে গড়ে তোলে।

ক. বংশ গণনা ও নেতৃত্ব নীতির ভিত্তিতে পরিবারকে কত ভাগে ভাগ করা যায়? ১

খ. একটি পরিবারের রাজনৈতিক কার্যাবলি ব্যাখ্যা কর। ২

Teachingbd.com

গ. 'পরিবারের প্রধান হিসেবে জাবেদা খাতুন যথাযথভাবে দায়িত্ব পালন করেছেন'— ব্যাখ্যা কর। ৩

ঘ. জাবেদা খাতুনের সম্পাদিত কার্যাবলির আলোকে 'পরিবারের কার্যাবলি' বিশ্লেষণ কর। ৪

৫.▶ গণতান্ত্রিক শাসনব্যবস্থায় নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ। নির্বাচন প্রত্যক্ষ হতে পারে, আবার পরোক্ষও হতে পারে। তবে জনাব মাইনুল মনে করেন, প্রত্যক্ষ ও পরোক্ষ উভয় নির্বাচনের মধ্যে পার্থক্য রয়েছে। তিনি অভিমত ব্যক্ত করেন যে, ভোটাধিকার নাগরিকের ব্যক্তিত্বকে মর্যাদাসম্পন্ন করে তোলে।

ক. নির্বাচন কী? ১

খ. গণতান্ত্রিক শাসনব্যবস্থায় নির্বাচনের দুটি গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. জনাব মাইনুলের মতে, পরোক্ষ নির্বাচন ও প্রত্যক্ষ নির্বাচন ব্যবস্থায় কী কী পার্থক্য পরিলক্ষিত হয়?— বর্ণনা কর। ৩

ঘ. জনাব মাইনুলের মতামতের যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৬.▶ রিপন ও রিনি স্বামী-স্ত্রী। সংসদ নির্বাচনে জনাব রিপন ও স্ত্রী রিনি আক্তার ভোট দিতে যায়। ভোট কেন্দ্রে তারা দুইটি আলাদা লাইনে দাঁড়ান। একই কেন্দ্রে তারা আলাদা দুইটি বুথে ভোট দেন।

ক. আইন কয় প্রকার? ১

খ. সাম্য ও স্বাধীনতার সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রিপন ও রিনির ভোট দেওয়ার মধ্যে রাষ্ট্রের কোন দিকের প্রতিফলন ঘটেছে? ৩

ঘ. উদ্দীপকের উক্ত ভোট দেওয়ার বিভিন্ন রূপ বিশ্লেষণ কর। ৪

৭.▶ হাসান একটি দেশের নাগরিক। সে রাষ্ট্রের অনুমোদিত পন্থায় আয় করে এবং নিজের ইচ্ছা মতো ভোগ করে। এখন সে অনেক সম্পদের মালিক। চ্যাং অপর একটি রাষ্ট্রের বাসিন্দা, একজন কম্পিউটার ইঞ্জিনিয়ার। একটি সফট্ওয়্যার কোম্পানিতে কাজ করে। প্রয়োজন হলে তার বাবা তার খরচ বহন করে। তার কোনো ব্যক্তিগত সম্পদ নেই।

ক. রাষ্ট্র গঠনের উপাদান কয়টি? ১

খ. এককেন্দ্রিক রাষ্ট্র বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের হাসানের রাষ্ট্রের ধরন কীরূপ? নিরূপণ কর। ৩

ঘ. উদ্দীপকের হাসানের রাষ্ট্রের সাথে চ্যাংয়ের নিজের রাষ্ট্রের তুলনামূলক আলোচনা কর। ৪

৮.▶ পপি দুইটি দেশের সংবিধান নিয়ে পর্যালোচনা করে দেখতে পায়— 'ল' দেশের সংবিধান লিখিত আর 'শ' দেশের সংবিধান অলিখিত।

ক. বাংলাদেশের সংবিধান কত সালে গৃহীত হয়েছে? ১

খ. সুপরিবর্তনীয় সংবিধান কলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের পপির পর্যালোচনা করা 'ল' দেশের সংবিধানের বৈশিষ্ট্য নিরূপণ কর। ৩

http://teachingbd.com

ঘ. উদ্দীপকের পর্যালোচিত 'ল' দেশের সংবিধানের সাথে 'শ' দেশের সংবিধানের তুলনামূলক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

১০.▶ জনাব কফিল সাহেব একজন প্রধান প্রশাসনিক কর্মকর্তা হিসেবে খুলনা বিভাগের একটি জেলায় খেলার মাঠে একং শিল্পকলা একাডেমির দুটি নতুন ভবন নির্মাণে সহায়তা প্রদান করেন। অন্যদিকে জনাব ফরিদ স্থানীয় উপজেলো প্রশাসনের প্রধান কর্মকর্তা হিসেবে ঐ জেলার আদর্শ কৃষকের সাথে বীজ আর কীটনাশক ওষধ বিতরণের ব্যবস্থা করেন এবং জমির রাজস্ব সঠিকভাবে আদায় করেন। জনাব ফরিদ তার সকল কাজের জন্য জনাব কফিল এর কাছে জবাবদিহি করেন।

ক. যুদ্ধকালীন বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয় কবে? ১

খ. প্রশাসনকে রাষ্ট্রের হৃৎপিণ্ড বলা হয় কেন? ২

গ. জনাব কফিল কোন প্রশাসনের প্রধান কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন? ৩

ঘ. জনাব ফরিদ সংশ্লিষ্ট কর্মকর্তা হিসেবে উদ্দীপকে বর্ণিত কাজগুলো ছাড়াও আরও অনেক গুরুত্বপূর্ণ কাজ করেন— তোমার মতামত দাও। ৪

১০.▶ জনাব জাকির সাহেব একটি রাজনৈতিক দলের সক্রিয় সদস্য। তার সংগঠন তাকে রাজনৈতিক বিষয়ে প্রশিক্ষণ দিয়েছে। তিনি তার এলাকায় স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে জনগণকে সচেতন করে তোলেন। তার সংগঠনের আদর্শ ও কর্মসূচি জনগণের নিকট প্রচার করে নির্বাচনকালে অনেক দায়িত্ব পালন করেন।

ক. উগান্ডায় কত সাল পর্যন্ত রাজনৈতিক দল নিষিদ্ধ ছিল? ১

খ. রাজনৈতিক দল বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের রাজনৈতিক দল কী ধরনের ভূমিকা পালন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর যে, জনাব জাকির হোসেনের দলের কর্মকাণ্ড রাজনৈতিক দলের ভূমিকার খণ্ডচিত্র মাত্র? মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

১১.▶ নাসের দরিদ্র ঘরের ছেলে। শ্বশুর বাড়ির যৌতুকের লোভে মাত্র ষোল বছর বয়সে বিয়ে করে। একে একে ৫টি কন্যা সন্তানের বাবা। কন্যা সন্তান জন্ম দানের জন্য স্ত্রীকে অপবাদ দিয়ে আরেকটি বিয়ে করে। দ্বিতীয় স্ত্রীর ঘরে আরও তিনটি কন্যা সন্তান জন্ম দেয়। দুই সংসার নিয়ে তার অতি কষ্টে জীবন চলছে।

ক. জনসংখ্যার দিক থেকে বাংলাদেশ এশিয়ার কততম দেশ? ১

খ. সামাজিক দৃষ্টিভঙ্গি বাংলদেশে কীভাবে জনসংখ্যা বৃদ্ধি করেছে? ২

গ. উদ্দীপকের নাসেরের পরিবারে জনসংখ্যা বৃদ্ধির কারণগুলো বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির ক্ষেত্রে প্রযোজ্য কি? ব্যাখ্যা কর। ৩

ঘ. কীভাবে উদ্দীপকের নাসেরের পরিবারের জনসংখ্যা সম্পদে পরিণত করা যাবে? ব্যাখ্যা কর। ৪

Teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড: ১ ৪ ০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **আমাদের সকল অর্থনৈতিক চাহিদা পূরণের উৎস কোনটি?**
ক বিদ্যালয় খ পরিবার
গ সমাজ ঘ সম্প্রদায়

২. **ঈশ্বরের সৃষ্টিমূলক মতবাদ কোন ধরনের মতবাদ?**
ক সুপ্রাচীন মতবাদ
খ আধুনিক মতবাদ
গ মধ্যযুগীয় মতবাদ
ঘ গ্রহণযোগ্য মতবাদ

৩. **রুশোর মতে প্রকৃতির রাজ্য কেমন ছিল?**
ক নরকের মতো
খ স্বর্গের মতো
গ পার্কের মতো
ঘ চিড়িয়াখানার মতো

৪. **আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্রে সরকার বলতে কী বোঝায়?**
ক রাষ্ট্রপ্রধানকে
খ মন্ত্রিপরিষদকে
গ জনগণকে
ঘ সচিবগণকে

৫. **একজন সুনাগরিক হতে প্রধান কোন বিষয়ে ধারণা থাকা প্রয়োজন?**
ক অর্থনীতি খ পৌরনীতি
গ দর্শন ঘ মনোবিজ্ঞান

৬. **নিচের কোনটি স্থানীয় প্রতিষ্ঠান?**
ক আইন বিভাগ খ শাসন বিভাগ
গ বিচার বিভাগ ঘ ইউনিয়ন পরিষদ

৭. **কোন পরিবারে একজন স্বামীর একাধিক স্ত্রী থাকে?**
ক একপত্নীক পরিবারে
খ বহুপত্নীক পরিবারে
গ পিতৃতান্ত্রিক পরিবারে
ঘ মাতৃতান্ত্রিক পরিবারে

৮. **রাষ্ট্র সৃষ্টির আগে মানুষ কোথায় বাস করত?**
ক পাহাড়ে খ শহরে
গ প্রকৃতির রাজ্যে ঘ নগরে

৯. **সামাজিক চুক্তি মতবাদের প্রবক্তা কে?**
ক রুশো খ গেটেল
গ অ্যারিস্টটল ঘ মন্টেস্কু

১০. **'পীর-ফকিরের কথা অমান্য করলে পাপ হবে' এমন ধারণা রাষ্ট্রের কোন মতবাদের কথা তুলে ধরে?**
ক পিতৃতান্ত্রিক খ মাতৃতান্ত্রিক
গ ঐশ্বরিক ঘ বলপ্রয়োগ

১১. **বর্তমানে পরিবারের অর্থনৈতিক কার্যকলাপ কিছুটা কমেছে। এর যথার্থ কারণ কী?**
ক বিজ্ঞানের উন্নতি
খ শিক্ষার হার হ্রাস
গ প্রযুক্তির স্বল্প ব্যবহার
ঘ আমদানি বৃদ্ধি

১২. **এথেন্সের অধিবাসীদের ভাগ করা হতো—**
i. নাগরিক হিসেবে
ii. বিদেশি হিসেবে
iii. দাস হিসেবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. **সরকার যে ধরনের বিভাগের সমন্বয়ে গঠিত হয়—**
i. আইন বিভাগ
ii. শাসন বিভাগ
iii. বিচার বিভাগ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. **বাজেট কত বছরের জন্য প্রণয়ন করা হয়?**
ক ১ বছরের খ ২ বছরের
গ ৩ বছরের ঘ ৪ বছরের

Teachingbd.com

১৫. বাংলাদেশে বর্তমানে কোন পদ্ধতির সরকারব্যবস্থা চালু আছে?
ক একনায়কতান্ত্রিক খ যুক্তরাষ্ট্রীয়
গ সংসদীয় ঘ রাষ্ট্রপতি শাসিত

১৬. রাষ্ট্রের শীর্ষস্থানীয় কর্মকর্তাদের নিয়োগের দায়িত্ব কে পালন করেন?
ক প্রধানমন্ত্রী খ রাষ্ট্রপতি
গ স্পিকার ঘ স্বরাষ্ট্রমন্ত্রী

১৭. কোনটিকে রাষ্ট্রের হৃৎপিণ্ড বলা হয়?
ক মন্ত্রিসভাকে খ সচিবালয়কে
গ প্রশাসনকে ঘ বিচার বিভাগকে

১৮. ইউনিয়ন পরিষদ কাজ করে—
i. রাস্তাঘাট নির্মাণ
ii. কৃষি সম্প্রসারণ
iii. নিরক্ষরতা দূরীকরণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. স্থানীয় সরকারের রূপ কয়টি?
ক ১টি খ ২টি
গ ৩টি ঘ ৪টি

২০. জেলা জজের কাজের সহায়তা করেন কে?
ক কমিশনার খ সাব জজ
গ জেলা প্রশাসক ঘ সচিব

২১. সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যদের ভোটে রাষ্ট্রের সর্বোচ্চ পদের জন্য কত বছর ক্ষমতায় থাকে?
ক ৪ বছর খ ৫ বছর
গ ৮ বছর ঘ ১০ বছর

২২. বাংলাদেশে কতটি উপজেলা রয়েছে?
ক ৪২০টি খ ৪৪০টি
গ ৪৫০টি ঘ ৪৮৭টি

২৩. বাঙালি জাতির মুক্তির সনদ কোনটি?
ক ২১ দফা খ ১১ দফা

রয়েছে?
ক ১টি খ ২টি
গ ৩টি ঘ ৪টি

২৫. সংসদ সদস্যরা কীভাবে নির্বাচিত হন?
ক সরকারের প্রত্যক্ষ ভোটে
খ পরোক্ষ ভোটে
গ জনগণের প্রত্যক্ষ ভোটে
ঘ জনগণের পরোক্ষ ভোটে

২৬. কীভাবে তিন পার্বত্য জেলায় চেয়ারম্যান গঠিত হয়?
ক আঞ্চলিক বলে
খ প্রশাসনিক ক্ষমতায়
গ পদাধিকার বলে
ঘ সংসদীয় আইনের দ্বারা

২৭. বাঙালিরা দীর্ঘ সংগ্রাম করেছে কেন?
ক ক্ষমতার জন্য
খ অর্থের জন্য
গ ধর্মের জন্য
ঘ গণতন্ত্রের জন্য

২৮. চৌদ্দ দফা দাবিনামা কে পেশ করেন?
ক মুহাম্মদ আলী
খ নাজিম উদ্দিন
গ এ কে ফজলুল হক
ঘ মোহাম্মদ আলী জিন্নাহ

২৯. ১৯৪০ সালের ২৩ মার্চ দিনটি উল্লেখযোগ্য কেন?
ক লক্ষ্ণৌ চুক্তির জন্য
খ লাহোর প্রস্তাবের জন্য
গ ভারত আইনের জন্য
ঘ স্বাধীনতা আইনের জন্য

৩০. কার নির্দেশে ১৯৬২ সালের সংবিধান প্রণীত হয়?
ক আজগর খান খ ইয়াহিয়া খান

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | খ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ঘ |

http://teachingbd.com